নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইয়ামান দেশে পাঠানোর সময় এ নির্দেশ দেন যে, গরুর (যাকাত) প্রতি ত্রিশটির জন্য পূর্ণ এক বছর বয়সী একটি এড়ে বাছুর (তাবী’) বা বকনা বাছুর (তাবীআ‘)

মু‘আয রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইয়ামান দেশে পাঠানোর সময় এ নির্দেশ দেন যে, গরুর (যাকাত) প্রতি ত্রিশটির জন্য পূর্ণ
এক বছর বয়সী একটি এড়ে বাছুর (তাবী’) বা বকনা বাছুর (তাবীআ‘) এবং প্রতি চল্লিশটির জন্য
দুই বছর বয়সী একটি গাভী (মুসিন্নাহ) নিতে হবে আর প্রত্যেক প্রাপ্ত বয়স্ক যিম্মী (অমুসলিম) থেকে এক দীনার বা এর সম-মূল্যের কাপড়- যা ইয়ামেনে তৈরি হয় আদায় করতে হবে। [হাদিসটি এর শাওয়াহেদ (বিভিন্ন সমার্থক হাদিস) থাকার কারণে সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম মুআয ইবন জাবাল রাদিয়াল্লাহু ‘আনহু-কে ইয়ামানে পাঠিয়েছিলেন মানুষের শিক্ষা ও দাওয়াতের জন্য। তিনি তাকে যা নির্দেশ দিয়েছিলেন তার মধ্যে ছিল মুসলিমদের গরু থেকে যাকাত নেওয়া: প্রতি ত্রিশটি গরুর মধ্যে একটি পুরুষ ষাঁড় (তাবী‘) বা একটি গাভী (তাবীআ‘) নিবে, যার বয়স এক বছর পূর্ণ হয়েছে; এবং প্রতি চল্লিশটি গরুর মধ্যে একটি বয়স্ক গাভী (মুসিন্নাহ) নিবে, যার বয়স দুই বছর পূর্ণ হয়েছে। আর কিতাবী ইহুদী ও নাসারা থেকে প্রত্যেক প্রাপ্তবয়স্ক পুরুষের জন্য এক দিনার বা ইয়ামানের মাফরি নামক কাপড় নেওয়া হবে যার মূল্য দিনারের সমপরিমাণ।

http://sunnah.global/hadeeth/bn/show/64632